# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 04 May, 2025

রোববার (৪ মে) জাতীয় সংসদের এলডি হলে ঐকমত্য কমিশনের সঙ্গে বৈঠকের পর এ তথ্য জানিয়েছেন ১২ দলীয় জোটের মুখপাত্র  ও বাংলাদেশ লিবারেল ডেমোক্রেটিক পার্টির (বিএলডিপি) চেয়ারম্যান শাহাদাত হোসেন সেলিম।

তিনি বলেন, □ঐকমত্য কমিশনের ১৬৮ টি প্রস্তাবের মধ্যে ১১০টির সঙ্গে একমত, ৪৮টির সঙ্গে একমত নয় ১২ দলীয় জোট।৮ টির বিষয়ে সুনির্দিষ্ট মতামত জানতে চেয়েছে জোট।

শাহাদাত হোসেন সেলিম বলেন, ‘বৈঠকে বেশ কিছু দ্বিমতের জায়গাতেও একমত হতে পেরেছি।দেশ ও জাতির জন্য একমত হওয়া জরুরি।যেগুলো নিয়ে মতপার্থক্য আছে, সেসব বিষয় পুনর্বিবেচনায় আবারও আলোচনা হবে।

তিনি বলেন, ‘সংস্কার চাই।সংস্কার পদক্ষেপকে সাধুবাদ জানাই।একই সঙ্গে যত দ্রুত সম্ভব সংস্কার কার্যক্রম শেষ করে ডিসেম্বরের মধ্যে নির্বাচনের দিকে এগোতে হবে।

জাতীয় সংস সংস্কার নির্বাচন ১২ দলীয় জোট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:44

URL: https://timestodaybd.com/public/national/5863901889